

প্রজন্ম স্বরলিপি

ঘুরে ফিরে অলি-গলি পার্বত্য শহর বন্দর
কন্দর গিরি-পথ শৃঙ্গ শৃঙ্গারে ক্লান্ত -
হারিকেন চোখ
শ্রান্ত অপরাহ্ন অবসরে থিতু আয়োজন প্রাণের

শীর্ণা আকাঙ্ক্ষার ম্বোতে মীড় তোলে দোয়েলের শিস
চঞ্চুতে আনে খুঁড়ে ধানের নির্যাস
আমন সর্বের দ্রাগে
ডুবে যায় নষ্ট-গন্ধ পাতা সব

বের হয়ে আসে প্রজন্ম স্বরলিপি
পুরোনো গানের খাতা ছিঁড়ে
মেতে উঠে আজ উৎসবের সবুজ
নতুন গানের বর্গমালার সুরে

খিলিপান স্বদেশ

সংযমে সংযত
পানপাতা দেহ
মুড়ে দিলো বোধের গহ্বরে
জাতীয় চেতনা ।

স্বকীয় মশলার ঝাগে
খুঁজে পেল অনন্য স্বাদ ; ‘বিজয়’
নির্যাস পেল তার
ভৌগলিক সীমানা ।

পিচকিরি ঢেলে রাঙ্গিয়ে রাজপথ
আস্বাদিত হ’লো জাতিস্বত্ত্ব
বৃন্তে চুনের শোভিত পতাকা ,
সৌকর্যে প্রিয় স্বাধীনতা ।

প্রতিজ্ঞা ভঙ্গ

কেন ভাঙলে শপথ ?
অলিন্দ-নিলয় ব্যবধায়ক
সমগ্র হৃদপিণ্ড জুড়ে এখন
শুধুই নিলয় . . .

নীলশিরার গিরি-গলি পথ
ঐক্যবন্ধ
মাস্তান পাহাড়ে ।
টালমাটাল বিশুদ্ধ অম্লজান
বাধাপ্রাপ্ত
অনিয়মের দেয়ালে ।

প্রতিদিন অসংখ্যবার ওরা প্রতিজ্ঞা করে ,
অসংখ্যবার প্রতিজ্ঞা ভঙ্গ করে ফিরে যায়
নিষিদ্ধ ভাগাড়ে

অপাপবিদ্ব হয়না স্বদেশ
বিশ্঵াসঘাতকের তালিকায় বাড়ে নাম . . .
প্রকৃতির মত তুমিও যে প্রতারণার ছলে
শুন্দ হ'তে দিলেনা আমায় ।

সংগীতিনী
দাম্ভিক , সোদিআরব থেকে